

বনিব বার্তা

রেজি. নং: ডিএ ৬১০৮ = বর্ষ ০১, সংখ্যা ৩০৬

www.bonikbarta.com | সমৃদ্ধির সহযাত্রী

বণিক বার্তা, ২০১৯-০৭-২৯, পৃঃ- ০৮



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে তৃতীয় নেহরীন খান স্মৃতি বক্তৃতা ও সম্মাননা অনুষ্ঠান

বিশ্ববিদ্যালয় হবে এমন একটি কেন্দ্র, যা হবে সত্যের সন্ধান, জ্ঞানের চর্চা, নতুন উদ্ভাবন, চিন্তার সম্প্রসারণ ও নৈতিক মূল্যবোধের চালক। সেখানকার শিক্ষার্থীরা হবে পূর্ণাঙ্গ নাগরিক, স্বয়ংসম্পূর্ণ পেশাজীবী ও পরিপূর্ণ মানবিক মানুষ। তারা প্রতিটি বিষয় চিন্তা করে, বিশ্লেষণ করে এর ভালো-মন্দ বের করে সুদূরপ্রসারী দৃষ্টিভঙ্গি কাজে লাগিয়ে তা মানুষের বৃহত্তর কল্যাণে ব্যবহার করবে। 'বিশ্ববিদ্যালয়ের ধারণা' নিয়ে দেয়া বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ও ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সাবেক উপ-উপাচার্য অধ্যাপক ড. ফকরুল আলম গত বৃহস্পতিবার বিকালে রাজধানীর আফতাবনপরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে তৃতীয় নেহরীন খান স্মৃতি বক্তৃতা অনুষ্ঠানে এসব কথা বলেন।

তার বক্তব্যে সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের র্যাংকিংয়ে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়ের নাম না থাকার প্রসঙ্গও উঠে আসে। গবেষকদের উপাত্ত থেকে অধ্যাপক ফকরুল আলম বলেন, মূলত তিনটি কারণে এ দেশের বিশ্ববিদ্যালয়ের মান পড়ে গেছে। প্রথমত, স্বাধীনসত্তা থেকে বেরিয়ে বিশ্ববিদ্যালয়গুলো সরকারি প্রতিষ্ঠানের চরিত্র ধারণ করায়। এরপর গবেষণাকে গুরুত্ব না দিয়ে শুধু ক্লাসনির্ভর শিক্ষাকে প্রাধান্য দেয়া। আর নতুন উদ্ভাবনার চেয়ে বাজার চাহিদাকে গুরুত্ব দেয়ায়।

তত্ত্বাবধায়ক সাবেক সরকারের উপদেষ্টা ড. আকবর আলি খানের প্রয়াত কন্যা ও ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির সাবেক শিক্ষার্থী নেহরীন খানের স্মরণে এ বক্তৃতা ও সম্মাননা অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে অধ্যাপক ড. ফকরুল আলমকে সম্মাননা ফ্রেস্ট ও ১ লাখ টাকার চেক হস্তান্তর করা হয়। তিনি চেকটি ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের 'নেহরীন খান স্কলারশিপ' ফান্ডে দান করেন।

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি সৈয়দ মঞ্জুর এলাহী, উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান, কোষাধ্যক্ষ এজেডএম শফিকুল আলম ও প্রয়াত নেহরীন খানের সহপাঠী আফসানা বেগম। অনুষ্ঠানে ড. আকবর আলি খানসহ বিশিষ্টজনরা উপস্থিত ছিলেন।

■ ফিচার প্রতিবেদক

